


Admissible under Regn. Rule 21
Duly Stamped under the Indian Stamp Act 1899 as amended by Act III of 1922 and Section 98 (I) of the Calcutta Improvement Act 1911 Schedule
I A 23
Stamp Duty paid under the Indian Stamp Act 1899 as Amended in 1964 Rs. 1476-00
Aditional duty Paid under the Calcutta Improvement Act 1911
Rs. 400-00 P.
Total Rs. 1876-00

Fee Paid —
A = 189.50
N = 3.00
192.50

District Sub-Registrar
Alipur, 24 Parganas
18-11-77

Permission : 1 by C.N.
1st. L.C. (Collector) D.9.
Sadar B.K. Pur vide No. 37
Dt. 14/10/77. 25/5/84/77

মং ২০,০০০ কুড়ি হাজার টাকা মূল্যের সাফ বিক্রয় কোবালা পত্র —

কোবালা গ্রহিতা —

১। শ্রীমতী সোনালী চন্দ্র,
স্বামী শ্রী কমল কানু চন্দ্র,
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী,
২। শ্রী বিমল কুমার চন্দ্র,
পিতা মৃত আশুতোষ চন্দ্র,
জাতি হিন্দু, পেশা চাকুরী,
উভয়ের সাং ১এ, গোপাল —
ডাক্তার রোড, খিদিরপুর,
থানা ওয়াটগঞ্জ, কলিকাতা-২৩
জেলা ২৪ পরগণা, সবরেজেষ্ট্রী আলিপুর। —

কোবালা দাতা —

১। শ্রীমতী শঙ্করী রাণী চন্দ্র,
স্বামী শ্রী ভোলানাথ চন্দ্র,
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী,
সাং ১৮২।এন, কে, পি, মুখার্জী রোড,
বড়িশা, কলিকাতা-৮
থানা বেহালা, জেলা ২৪ পরগণা,
সবরেজেষ্টারী আলীপুর, —
২। শ্রীমতী আদুর বালা হালদার,
স্বামী শ্রী নিলমনি হালদার,
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী, — সাং —

3507

Jagat mohan das Adv.

Judges Court

Alipore

Judicial Collectorate, Treasury,

8/11/77

Treasurer

Presented for registration at 11-50 A.M. on 18th Nov. 77 at the Sadar Registry Office, Alipore, 24 Parganas by Sankari Rani Chandra

Executant / Claimant or the Executant / Claimant or Attorney of ... Executant / Claimant ... Agent of attorney ...

District Sub-Registrar, Alipur, 24 Parganas 18.11.77

| | |
|---|---|
| A | 100 |
| H | 75 |
| E | 10 |
| A | 3 |
| | 1,88 |

Execution admitted by

(1) Sankari Rani Chandra wife of Bhalanath Chandra of 182/N. K.P. Mukherjee Road Barisa Cal-8

(2) Anapurna Bala Haldar wife of Nilmani Haldar of Kakeswarlala Lane ... Bally, Thana Bally, District Howrah, by Caste Hindu, by profession Housewife

Identified by Bidyut Kumar Chandra Son of Bholanath Chandra of 182/N, K.P. Mukherjee Road, Thana Thakurpukur, District Calcutta-8, by Caste / Hindu, by profession Service

District Sub-Registrar, Alipur, 24 Parganas 18-11-77

শ্রীমতি শঙ্করী রানী চন্দ্র



10278

শ্রীমতি শঙ্করী রানী চন্দ্র



10279

[illegible] বালা হালদার

Rupees 17000/- as consideration is paid in my presence by Sm. Sankari Rani Chandra to

Sonali Chakrabarti [illegible]

Registrar 18-11-77






সাং বাকুলতলা লেন, বালি,
থানা বালি, জেলা হাওড়া । –

কস্য পার্টিশান কৃত চিহ্নিত মৌরুসী মোকররী স্বত্বের বাস্তু জমি = মায় তদুপরিস্থিত দ্বিতল ইমারত বাটি ইজমেন্টাদি স্বত্বসমেত দরবস্ত হক হকুক – সাফ বিক্রয় কোবালা পত্র মিদং লিখিতং কার্য্যঞ্চাগে ,–

জেলা ২৪ পরগণা, থানা ওয়াটগঞ্জের এলাকাধিন মৌজা খিদিরপুর = নামক স্থানে কলিকাতা কর্পোরেশনের সাবেক ১ নম্বর গোপাল ডাক্তার রোড = হাল ১।এ, গোপাল ডাক্তার রোড প্রেমিসেসভুক্ত কমবেশী /২।৵০ দুই কাঠা =

Scanned with ACE Scanner




[illegible]

৩

কাঠা ছয় ছটাক মৌরুশী মোকররী স্বত্বের জমি যাহার জন্য হুগলী ইমামবাড়া-
এষ্টেটের বার্ষিক ।⁄১৫ পাঁচ আনা পনের গণ্ডা টাকা খাজনা আদায় দিতে =
হয়। উক্ত জমি মায় তদুপরিস্থিত দ্বিতল ইমারত বাটি ইজমেন্ট স্বত্বাদি সহ =
দরবস্ত হক হকুক পূর্ব্বে * সৌদামিনী দাসীর খরিদা সম্পত্তি থাকে, তাঁহার =
মৃত্যু অন্তে উক্ত সম্পত্তি তাঁহার দুই পুত্র * সারদা প্রসাদ চন্দ্র ও * বরদা প্রসাদ
চন্দ্র একমাত্র ওয়ারিশ সূত্রে প্রাপ্ত হইয়া তুল্যাংশে উহাতে এজমালে স্বত্ববান ও =
দখলিকার থাকেন। উক্ত বরদা প্রসাদ চন্দ্র সন ১৩৩৪ সালে পরলোক গমন করেন
এবং তৎত্যক্ত উক্ত সম্পত্তির অবিভক্ত ।।০ আট আনা অংশ তাঁহার ওয়ারিশান

30Rs.




শ্রীমতি [illegible]
শ্রীমতি [illegible] হালদার



ওয়ারিশান দুই পুত্র যথাক্রমে ৺সুরেন্দ্র নাথ চন্দ্র ও ৺আশুতোষ চন্দ্র এবং - বিধবা পত্নী শ্রীমতি জ্ঞানদাময়ী দাসী তুল্যাংশে অর্থাৎ প্রত্যেকে মোট - সম্পত্তির ১/৬ অংশ রকম প্রাপ্ত হয়েন এবং তাঁহারা তাঁহাদের অন্যতম ।।০ আট আনা অংশের সরিক ৺সারদা প্রসাদ চন্দ্রের সহিত এজমালে উক্ত সম্পত্তিতে স্বত্ববান ও দখলিকার থাকেন। উক্ত জ্ঞানদাময়ী দাসীর মৃত্যু হইলে উক্ত - সুরেন্দ্র নাথ চন্দ্র ও আশুতোষ চন্দ্র উক্ত সম্পত্তিতে প্রত্যেকে রকম ।০ চারি আনা অংশে মালিক ও স্বত্বাধিকারী হয়েন। উক্ত সুরেন্দ্র নাথ চন্দ্র উক্ত সম্পত্তিতে তাঁহার যে ।০ চারি আনা অংশ থাকে তাহা মর্টগেজের দায়যুক্তে ৫ নম্বর মাইকেল দত্ত স্ট্রীট খিদিরপুর নিবাসী জনৈকা নলিনী সুন্দরী সাহা বা দাসীকে বিক্রয় - করেন। উক্ত সুরেন্দ্র নাথ চন্দ্রের অংশের সম্পত্তি নলিনী সুন্দরীকে বিক্রয় করিবার

করিবার পূর্ব্বে জনৈকা শরৎ কুমারী দাসীর নিকট মর্টগেজ থাকে এবং উক্ত =
মর্টগেজ গ্রহিতা শরৎ কুমারী দাসী তাঁহার টাকা আদায় না হওয়ায় তিনি
উক্ত মর্টগেজ বাবদ সুরেন্দ্র নাথ চন্দ্র ও নলিনী সুন্দরী সাহার বিরুদ্ধে আলীপুর
তৃতীয় সাবজজ আদালতে সন ১৯৫৫সালে ১০৩নম্বর দেওয়ানী মর্টগেজ মোকর্দ্দমা
আনয়ন করেন এবং তাহাতে নলিনী সুন্দরী সাহার বিরুদ্ধে ২৬।৩।৫২তারিখে
২৪৯১৲ টাকার জন্য সোলেনামে কিস্তি বন্দি মতে প্রিলিমিনারী ডিক্রী হয়।
শরৎ কুমারী দাসী তাঁহার এই মর্টগেজ ডিক্রীর স্বত্ব রেজেষ্ট্রীকৃত এসাইনমেন্ট =
দলিল মূলে শ্রীমতি রাধারাণী দাসীকে ২৭।১।৫৩ তারিখে বিক্রয় করিয়া =
নিঃস্বত্ব হয়েন এবং পরে দেনাদার নলিনী সুন্দরী সাহা কিস্তির টাকা আদায় =
না দেওয়ায় তাঁহার বিরুদ্ধে উক্ত রাধারাণী দাসী ইং ৩।৫।৫৪ তারিখে =
আদালত হইতে ফাইনাল ডিক্রী প্রাপ্ত হয়েন এবং উক্ত ফাইনাল মর্টগেজ ডিক্রী
তৃতীয় সবজজ আদালতে ১৯৫৪সালের ৪১নম্বর দেওয়ানী জারী মোকর্দ্দমা =
আনয়ন করিয়া তাহাতে উক্ত মর্টগেজী সম্পত্তি নিলাম বিক্রয় করিয়া নিজে =
খাস ডাকে উহা ১৭।১১।৫৪ তারিখে খরিদ করিয়া লয়েন এবং তৎপরে বয়নামা
জারী দ্বারা নিলাম খরিদা সম্পত্তিতে ৫।১।৫৩ তারিখে সিম্বলিক্যাল দখল =
প্রাপ্ত হয়েন এবং উক্ত খরিদা সম্পত্তিতে দখলিকার থাকা অবস্থায় উক্ত সম্পত্তি =
অর্থাৎ মোট সম্পত্তির ।০ চারি আনা অংশ ১।২।৫৯তারিখে ২৫০০৲ পঁচিশ শত =
টাকা মূল্যে জনৈকা আঙ্গুর বালা দাসীকে রেজেষ্ট্রীকৃত কোবালামূলে বিক্রয় =
করিয়া নিঃস্বত্ব হয়েন এবং আঙ্গুর বালা অবধি তাঁহার উক্ত খরিদা ।০ চারি

চারি আনা অংশে স্বত্ববতী ও দখলকারিণী থাকেন। উক্ত মোট সম্পত্তির –
অবিভক্ত অপর ।০ চারি আনা অংশ বরদা প্রসাদ চন্দ্রের পুত্র আশুতোষ চন্দ্রের –
স্বত্বাধিকারে থাকে এবং তিনি উহা অপর সরিকগণের সহিত এজমালীতে ভোগ =
ও দখল করিতে থাকেন। তৎপরে আশুতোষ চন্দ্র বহুতর টাকা দেনা কর্জ করায় =
মহাজনগণের দ্বারা ভীষণভাবে উৎপীড়িত হইতে থাকায় তিনি দেনার দায় হইতে –
মুক্তি পাইবার জন্য জেলা ২৪ পরগণা আলীপুর ডিষ্ট্রিক্ট জজ আদালতে সন =
১৯৩৭ সালের ১৮নম্বর ইনসলভেন্সী মোকদ্দমা রুজু করিয়া উক্ত মোকদ্দমায় =
১৯।৭।৩৭তারিখে ইনসলভেন্ট বা দেউলিয়া সাব্যস্ত হয়েন এবং তাঁহার যাবতীয় =
সম্পত্তি আদালত নিযুক্ত অফিসিয়াল রিসিভার শ্রী দীনেশ চন্দ্র রায়চৌধুরীর হস্তে =
ন্যস্ত হয় এবং বিশেষতঃ তাঁহার মোট সম্পত্তিতে যে ।০ চারি আনা রকম অবিভক্ত
অংশ থাকে তাহা আইনানুসারে উক্ত রিসিভারের হস্তে সম্পূর্ণভাবে ন্যস্ত হয় এবং
আশুতোষ চন্দ্রের উহাতে আর কোন স্বত্ব ও অধিকার থাকে না। উক্ত অফিসিয়াল =
রিসিভার তদানীন্তন ইন্দুভূষণ ঘোষ এ্যাডভোকেট মহাশয় পরে জেলা জজের =
আদেশানুক্রমে উক্ত আশুতোষ চন্দ্রের ।০ চারি আনা রকম হিস্যা ১।৫।৫১তারিখের
এককেতা রেজেষ্ট্রীকৃত কোবালা মূলে জহর লাল দত্ত মহাশয়কে বিক্রয় করিয়া –
নিঃস্বত্ব হয়েন এবং জহর লাল দত্ত উক্ত খরিদ বলে উক্ত সম্পত্তিতে বা অবিভক্ত –
।০ চারি আনা অংশে এজমালী দখলিকার ও স্বত্ববান হয়েন। তৎপরে জহর লাল
দত্ত তাঁহার উক্ত খরিদা ।০ চারি আনা রকমাংশ আমি শঙ্করী বালা চন্দ্র আমাকে –
১৯৫১ সালের ২১শে জুন তারিখে একেতা রেজেষ্ট্রীকৃত কোবালা মূলে ২০০০, দুই =

দুই হাজার টাকা মূল্যে বিক্রয় করিয়া নিঃস্বত্ব হয়েন এবং উক্ত কোবালা দলিল আলিপুর সদর জয়েন্ট সাবরেজেষ্ট্রী অফিসে ১৭০ বুকে,৪৯৭০ ভলিউমে, ২৫৭ হইতে = ২৬০ পৃষ্ঠায় ১৯৫১ সালের ৪০৮২ নম্বর কোবালা দলিল হিসাবে রেজেষ্ট্রী - হয় ও আমি উক্ত মোট সম্পত্তির মধ্যে ।০ চারি আনা অংশের খরিদার হিসাবে উক্ত সম্পত্তিতে অপর সরিকগণের সহিত এজমালীতে ভোগবান ও দখলিকার থাকি।

উপরোক্ত অবস্থামতে আমি শঙ্করী বালা চন্দ্র ,আশুতোষ চন্দ্রের মোট সম্পত্তির = ।০ চারি আনা অংশের খরিদ সূত্রে এজমালীতে ভোগবান ও দখলিকার থাকি এবং আমি আঙ্গুর বালা হালদার নিলাম খরিদ সূত্রে ,সুরেন্দ্র নাথ চন্দ্রের ।০ চারি আনা অংশে মালিক স্বত্বাধিকারিনী হইয়া আমরা উভয়ে এজমালিতে উক্ত সম্পত্তির ।।০ আট আনা অংশের স্বত্ববতী ও ভোগবতী থাকিয়া উহাতে এজমালিতে অপর= সরিকগণের সহিত ভোগবান ও দখলিকার থাকা অবস্থায় জেলা ২৪ পরগণা = সপ্তম সবজজ আদালতে ১৯৬২ সালের ৯৬নম্বর দেওয়ানী পার্টিশান মোকর্দ্দমা = আনয়ন করিয়া তাহাতে আমরা আমাদের অবিভক্ত ।।০ আট আনা অংশ পৃথক = চিহ্নিত করিয়া লইবার ব্যবস্থা করি এবং উক্ত মোকর্দ্দমায় অপর সরিকদার = কৃষ্ণ কালী চন্দ্র, কালী প্রসন্ন চন্দ্র, কালীশঙ্কর চন্দ্রের যে অবিভক্ত ।।০ আট আনা = অংশ থাকে তাহা পৃথক চিহ্নিত করিয়া লইবার প্রার্থনা করি। উক্ত মোকর্দ্দমা - শেষে দোতরফা মতে আমাদের অনুকূলে ডিক্রী হয় এবং উক্ত মোকর্দ্দমায় = প্রিলিমিনারী ডিক্রী অনুসারে পার্টিশান করিয়া দিবার জন্য আলিপুর উক্ত = সপ্তম সবজজ আদালত হইতে রাজেন্দ্র কুমার দে নামে একজন পার্টিশান কমিশনার = নিযুক্ত হইলে উক্ত কমিশনার মহোদয় উক্ত মোট সম্পত্তি মাপজোপ করিয়া তাহা =

তাহা চিহ্নিত বিভাগ বন্টন করিয়া আমাদের ।।০ আট আনা অংশ পৃথক ভাবে = চিহ্নিত করিয়া দিয়া ও তদনুযায়ী নক্সা প্রস্তুত করিয়া আদালতে রীতিমত রিপোর্ট দাখিল করেন এবং এই রিপোর্ট ১৮।৩।৭২তারিখে ৪৯নম্বর অর্ডার দ্বারা আদালত কর্ত্তৃক সম্পূর্ণভাবে গৃহিত হয় এবং উক্ত তারিখেই উক্ত পার্টিশান মোকর্দ্দমা ফাইনাল বা চূড়ান্ত ডিক্রী প্রচারিত হয় তৎপরে আমরা উক্ত চূড়ান্ত ডিক্রী অনুসারে উক্ত = পৃথকী কৃত সম্পত্তি যাহা নিম্নের ।ক। তপশীলে বিশেষভাবে বর্ণিত হইল ও নক্সায় = প্রদর্শিত হইল তাহাতে পৃথক দখল লই এবং উক্ত আমাদের পৃথক চিহ্নিত অংশ = মোট জমির পূর্ব্বদিকে থাকায় আমরা পাকা দেওয়াল তুলিয়া পশ্চিম অংশের = সহিত তাহা সম্পূর্ণ পৃথক করিয়া লই আমরা ঐরূপ ভাবে পৃথক দখল লইবার সময়ে = ১নং দলিল গ্রহিতার স্বামী শ্রী কমল কানু চন্দ্র অগ্রণী হইয়া জেলা ২৪ পরগণা পঞ্চম মুনসেফী আদালতে সন ১৯৭৪সালের ৮নম্বর দেওয়ানী মোকর্দ্দমা যাহা পরে = ট্রানসফার সূত্রে দ্বিতীয় এডিশন্যাল মুনসেফী আদালতে সন ১৯৭৫সালের ১০৯নম্বর টাইটেল মোকর্দ্দমা বলিয়া প্রচলিত থাকে । উক্ত মোকর্দ্দমায় তাঁহার পিতা আশুতোষ চন্দ্রের ।০ চারি আনা অংশ ওয়ারিশ সূত্রে প্রাপ্ত হইয়াছেন দাবীতে এক দেওয়ানী= মোকর্দ্দমা আনয়ন করেন । উক্ত মোকর্দ্দমা প্রকৃত প্রস্তাবে মিথ্যা ও অচল মোকর্দ্দমা = হইতেছে এবং প্রকৃত পক্ষে আশুতোষ চন্দ্রের যাহা কিছু স্বত্ব অংশ উক্তসম্পত্তিতে ছিল = তাহা ইনসলভেনসি মোকর্দ্দমার রিসিভার ন্যস্ত হওয়ায় ও রিসিভার উহা আদালতের আদেশানুক্রমে বিক্রয় করায় এবং আমরা উভয়ে পরে খরিদসূত্রে উক্তসম্পত্তির = পূর্ব্বোক্তরূপে মালিক স্বত্বাধিকারী হওয়ায় কমল চন্দ্রের উক্ত মোকর্দ্দমা সম্পূর্ণ অচল =

Scanned with ACE Scanner

অচল এবং আদৌ কার্য্যকরী নহে। এক্ষণে আমরা আমাদের উক্ত পৃথক চিহ্নিত সম্পত্তি বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনারা পূর্ব্বোক্ত দ্বিতীয় এডিসনাল - মুনসেফ আদালতে সন ১৯৭৫সালের ১০৯নং মোকর্দ্দমার বিষয় সম্পূর্ণ অবগত= থাকিয়া এবং তাহার সমস্ত দায় দায়ীত্ব গ্রহণ করিয়া উক্ত সম্পত্তি খরিদ করিতে প্রার্থনা করিলে আমরা ১৭।৮।৭৭তারিখে এক বায়না গ্রহণ করিয়া উক্ত নিম্নের = ।ক। তপসীল বর্ণিত সম্পত্তি আপনাদিগকে ২০,০০০্ কুড়ি হাজার টাকা পনে = বিক্রয় করিবার জন্য চুক্তিবদ্ধ হই এবং উক্ত পনের অন্দরে ১৭।৮।৭৭তারিখে = ৩০০০্ তিন হাজার টাকা অগ্রিম বায়না স্বরূপ গ্রহণ করিয়া আপনাদের নাম = বরাবর এক কেতাবায়নাপত্র লিখিত পঠিত সহি সম্পাদিত করিয়া দিয়াছি।

এক্ষণে অদ্য তারিখে পনের অন্দরে বাকী ১৭০০০্ সতের হাজার টাকা দস্তুরমত আপনাদের নিকট নগদে আদায় পাইয়া ও এই দলিলে তাহার প্রাপ্তি স্বীকার= করিয়া অর্থাৎ মোট পনের ২০০০০্ কুড়ি হাজার টাকা আপনাদের নিকট বুঝিয়া = পাইয়া অদ্য তারিখে এই সাফ বিক্রয় কোবালা পত্র লিখিত পঠিত সহি সম্পাদিত ও রেজেষ্টারী করিয়া দিয়া স্বীকার,অঙ্গীকার করিতেছি যে অদ্য হইতে উক্ত নিম্নের = ।ক। তপসীলে বর্ণিত ও অত্র সহ নক্সায় প্রদর্শিত মত জেলা ২৪ পরগণার থানা = ওয়াটগঞ্জের এলেকাধিন খিদিরপুর নামক স্থানে হুগলী ইমামবাড়া এষ্টেটের = অধীন মৌরুশী মোকররী স্বত্ত্বের বার্ষিক ।৴১৫ জমা ভুক্ত কলিকাতা কর্পোরেশনের - ১নং হাল ১১এ,নম্বর গোপাল ডাক্তার রোড প্রেমিসেস ভুক্ত কমবেশী ৴২।৶ দুই কাঠা ছয় ছটাক বাস্তু জমি জমার মধ্যে পূর্ব্বাংশে চিহ্নিত অর্দ্ধেকাংশ যাহা = সপ্তম সাবজজ আদালতের সন ১৯৬২সালের ৯৬নম্বর দেওয়ানী পার্টিসান ডিক্রী =

ডিক্রী সংযুক্ত প্ল্যান অনুযায়ী চিহ্নিত পূর্ব্ব ব্লকে প্লট নম্বর এম ও এন চিহ্নিত = বাস্তু জমি ৴১৷৴৭ এক কাঠা তিন ছটাক সাত স্কোয়ার ফুট মায় তদুপরিস্থিত নিম্ন = তলে লট নম্বর এম এ ছয় কামরা ঘর বা স্ডার্ড বারান্দা এবং উপরে তলে লট = নম্বর টি চিহ্নিত ই,এফ,জি,এইচ,আই, আই।টু, আই। থ্রি ও সি।ওয়ান,ডি।ওয়ান, চিহ্নিত ঘরাদি পাকা ইমারত বাটি মায় সাজপাই দরজা, জানালা ইট,কাঠ মায় উহার সংলগ্ন যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি আপনাদের নিঃস্বত্বে বিক্রয় করিয়া আপনাদের উহাতে দখল দিলাম ও আপনারা উহা ষোল আনা মালিক স্বত্বাদি হইলেন ।=

প্রকাশ থাকে যে উক্ত সম্পত্তি সম্পর্কে শ্রী কমল কানু চন্দ্রের যে = দেওয়ানী মোকদ্দমা চলিতেছে উক্ত মোকদ্দমা যদি কমল কানু চন্দ্র উঠাইয়া না - লইয়া চালাইতে থাকেন তাহা হইলে আপনারা আমাদিগের স্থলাভিষিক্তস্বরূপে = ও খরিদ্দার হিসাবে উক্ত মোকদ্দমায় আমাদের স্থলে কায়েম মোকাম হইয়া= উক্ত মোকদ্দমা চালাইয়া যাইবেন এবং তাহার ফলাফল সম্পর্কে যাহা কিছু দায়= দায়ীত্ব থাকিবে তাহা আপনাদেরই হইবে তজ্জন্য বা উক্ত মোকদ্দমায় ফলাফলের জন্য আমরা কোনওরূপে দায়িক হইব না ও আপনারা আমাদিগকে তজ্জন্য - দায়িক করিতে পারিবেন না । আরও প্রকাশ থাকে যে বিক্রীত ।ক। তপশীল - সম্পত্তি আপনাদিগের খরিদা স্বত্বীয় পার্টিশান চিহ্নিত পৃথক দখলি সম্পত্তি = হইতেছে এবং তাহাতে আমরা অন্যের নিরংশে ও বিনা স্বত্ব সংস্রবে উহাতে = ষোল আনা স্বত্বে স্বত্ববান ভোগবান ও দখলিকার আছি এবং ঐরূপ ভাবে আমরা= আপনাদিগকে দখল দিলাম ও আপনারা উহার দখলিকার হইলেন । এক্ষণে - আপনারা উক্ত সম্পত্তির খরিদ্দার হিসাবে উহাতে ষোল আনা স্বত্বে পৃথক ভাবে-

Scanned with ACE Scanner

পৃথকভাবে উহাতে ওয়ারিশ স্থলাভিষিক্তগণক্রমে নির্বিবাদে ভোগ ও দখল =
করিতে থাকুন তাহাতে ওয়ারিশ স্থলাভিষিক্তগণক্রমে আমাদের কোন ওজর আপত্তি
চলিবে না বা করিতে পারিব না। প্রকাশ থাকে যে উক্ত বিক্রীত সম্পত্তি =
নির্দায় ও নির্দোষ অবস্থায় আছে এবং ঐ অবস্থাতেই উহা আমরা আপনাদিগকে =
বিক্রয় করিলাম ও খাস দখল দিলাম। প্রকাশ থাকে যে উক্তসম্পত্তি ইতিপূর্বে =
কোন আদালতের কোন ক্রোক বা জামিনীতে আবদ্ধ নাই এবং উক্তসম্পত্তি =
আমরা কোনও প্রকারে কাহারও নিকট মর্টগেজ বা অন্য কোন প্রকারে দায়াবদ্ধ =
করি নাই বা উহা বিক্রয়ার্থে ইতিপূর্বে কাহারও নিকট কোন বায়না গ্রহণ =
করি নাই বা উহা বিক্রয়ার্থে কাহারও সহিত কোনরূপে চুক্তিবদ্ধ হই নাই।
উহা নির্দায় ও নির্দোষ অবস্থায় আছে ও সেই অবস্থাতেই উহা আমরা আপনা=
দিগকে বিক্রয় করিলাম। দলিলার্থে নিম্নের ।খ। তপশীল বর্ণিত দলিলাদি =
ও অপরাপর দলিলাদি আপনাদের অত্র দলিলের টাইটেল দলিল স্বরূপ আপনাদিগকে =
দিলাম। উহা আপনারা তাহা বুঝিয়া পাইলেন। যদি ভবিষ্যতে দলিলের বয়ানে
কোন অংশ মিথ্যা বা বিপরীত বলিয়া প্রমাণিত হয় তাহা হইলে মাফিক আইন =
আমলে আসিব ও আমরা আপনাদিগের যাবতীয় ক্ষতি খরচার জন্য দায়িক হইব।

উপরোক্ত সর্ত সমূহে ওয়ারিশ স্থলাভিষিক্তগণক্রমে আমরা আপনাদিগের
এবং আপনাদিগের ওয়ারিশ স্থলাভিষিক্তগণের নিকট আবদ্ধ রহিলাম। =

এতদর্থে সুস্থ শরীরে স্বেচ্ছায় অন্যের বিনানুরোধে ও বিনা প্রবর্তনায়
দলিলের মর্ম সম্যক অবগত হইয়া ও বুঝিয়া এই সাফ বিক্রয় কোবালা পত্র লিখিত

লিখিত পঠিত সহি সম্পাদিত ও রেজেষ্ট্রী করিয়া দিলাম। ইতি তাং = বাংলা সন ১৩৮৪সালের ২রা অগ্রহায়ণ — মোতাবেক ইংরাজী সন = ১৯৭৭সালের = ১৮ই নভেম্বর-।

## ।ক। তপশীল বিক্রীত সম্পত্তি =

জেলা ২৪ পরগণা, থানা ওয়াটগঞ্জের এলেকাধিন খিদিরপুর নামক = স্থানে হুগলী ইমামবাড়া এস্টেটের অধীন মৌরুশী মোকররী স্বত্বের বার্ষিক = ।৴১৫ জমা ভুক্ত কলিকাতা করপোরেশনের ১৭৫ হাল ১১এ,নম্বর গোপাল ডাক্তার রোড প্রেমিসেসভুক্ত কমবেশী ৴২৷৶০ দুই কাঠা ছয় ছটাক পরিমিত বাস্তু জমি = জমার মধ্যে পূর্বাংশে চিহ্নিত অর্দ্ধাংশ যাহা সপ্তম সাবজজ আদালতের সন ১৯৬২ সালের ৯৬নম্বর দেওয়ানী মোকদ্দমায় পার্টিশান ডিক্রী সংযুক্ত প্ল্যান অনুযায়ী চিহ্নিত = পূর্ব্ব ব্লকে প্লট নম্বর এস ও এন চিহ্নিত বাস্তু জমি ৴১৶৭ এক কাঠা তিন ছটাক = সাত স্কোয়ার ফুট জমি সহ তদুপরিস্থিত ইমারত বাটির নিম্ন তলে লট নম্বর = এস ভুক্ত ছয় কামরা ঘর কভার্ড বারান্দা এবং উপর তলে লট নম্বর টি চিহ্নিত = ই,এফ, জি,এইচ, আই১ টু,আই থ্রি, সি১ওয়ান, ডি১ওয়ান, চিহ্নিত ঘরাদি পাকা = ইমারত বাটি সহ সাজপাট দরজা জানালা ইট,কাঠ সহ উহার সংলগ্ন যাবতীয় = ইজমেন্ট স্বত্বাদি উহার চৌহদ্দি ঃ,=

উহার চৌহদ্দি ঃ,-

উত্তর ঃ- গোপাল ডাক্তার রোড ,
পূর্ব্ব ঃ- ইন্দু ভূষণ ব্যানার্জীর বাটি বা ২৩নম্বর রমানাথ পাল রোড =
দক্ষিণ ঃ- ২১৮১নম্বর রমানাথ পাল রোড =
পশ্চিম ঃ- ১এ,নম্বর গোপাল ডাক্তার রোড প্রেমিসেসের পশ্চিমাংশ যাহা - পার্টিশান প্ল্যানে প্লট নম্বর পি,প্লট কিউ এবং প্লট নম্বর আর ও প্লট = এস চিহ্নিত জমি ঘরাদি যাহা কৃষ্ণকালী চন্দ্র দিগেরর অংশে নির্দ্দিষ্ট হইয়াছে । =

।খ। তপশীল দলিলের জায় =

১।= ২৪ পরগণা, জেলার অফিসিয়াল রিসিভার শ্রী ইন্দু ভূষণ ঘোষের লিখিয়া = দেওয়া শ্রী জহর লাল দত্ত নাম বরাবর রেজেস্ট্রী কোবালা তারিখ = ১।৫।৫১ ইং =

২।= জহর লাল দত্তের লিখিয়া দেওয়া শ্রীমতী শঙ্করী রানীচন্দ্র বরাবর = রেজেস্ট্রীকৃত বিক্রয় কোবালা তারিখ ২১।৬।৫১

৩।= শ্রীমতী রাধারানী দাসীর লিখিয়া দেওয়া শ্রীমতী আঙ্গুর বালা হালদার = নাম বরাবর রেজেস্ট্রীকৃত বিক্রয় কোবালা তারিখ ১১।২।১৯৫৯

৪। জেলা ২৪ পরগণা =,সপ্তম সবজজ আদালতের ১৯৬২সালের ৯৬নম্বর টাইটেল = মোকদ্দমায় ১৮।৩।৭২তারিখের ৪৯নম্বর অর্ডারের জাবেদা নকল = শঙ্করী বালা চন্দ্র = বাদী - বনাম = কৃষ্ণকালী চন্দ্র - বিবাদী = উক্ত ১৯৬২সালের ৯৬নম্বর টাইটেল মোকদ্দমায় ফাইনাল পার্টিশান =

Scanned with ACE Scanner

পার্টিশান ডিক্রীর জাবেদা নকল তারিখ ১৮।৩।৭২, উক্ত মোকর্দ্দমায় =
কমিশনারের চূড়ান্ত রিপোর্ট তারিখ ৯।২।৬২ তৎসহ ফিল্ড বুকের নকল =

৫। = উক্ত মোকর্দ্দমায় পার্টিশান কমিশনারের অঙ্কিত উপর তলার পৃথকীকৃত =
সম্পত্তির নকসা ও দ্বিতলের চিহ্নিত ঘরাদির নকসা, উভয়ে দুইকেতা নকসা। =

।গ। তপশীল টাকার জায় =

বিগত ইং ১৭।৮।৭৭ তারিখে ধার্য্য পণের অবরে =
অগ্রিম বায়না স্বরূপ গৃহিত = 	৩০০০. টাকা =

অদ্য ১৮/১১/৭৭ তারিখে গৃহিত = 	১৭০০০. টাকা =

মোট ২০,০০০. টাকা =

মবলগে কুড়ি হাজার টাকা মাত্র। =

শ্রীমতি শঙ্করী রানী চন্দ্র
শ্রীমতি অঞ্জুর বালা হালদার

ইসাদি =

১) শ্রী সুশান্ত কুমার সাহা
৭৭, নং রমানাথ পাল রোড কলি - ২৩

২) শ্রী নির্ম্মল দাস ১৬/২বি, মনোহর পুকুর রোড, কলিকাতা ২৬

৩) শ্রী সোমনাথ রায় ১১৬/২বি, আর্য্য সারদা পল্লী কলিকাতা-২৩

৪) শ্রী পশুপতি হালদার ৬নং কাকেশ্বর আমোদ কালি, হাওড়া

৫) শ্রী প্রদ্যোত কুমার চন্দ্র ১৮২/এন, অশ্বিনী মুখার্জী রোড, কলিকাতা - ৮

৬) শ্রী বিকাশ চন্দ্র ১৮২/এন, কালীপদ মুখার্জী রোড, কলি-৮

৭) শ্রী অরুন কুমার সাহা ১৩/সি, রমানাথ পাল রোড, খিদিরপুর -

টাইপকারক =
শ্রী পরেশ নাথ ঘোষ -
আলিপুর জজকোর্ট =

9

Book 1

Volume No. 245

Pages 27 to 38

Being No. 7358

For the Year 1977

~~3.00

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR ALIPORE

District Sub-Registrar
Alipur, 24 Parganas
18.11.77

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR ALIPORE

District Sub-Registrar,
Alipur, 24 Parganas
21.11.77

SEAL OF THE ASSESSOR

13.11.77

QA1/19 (77-78)
1A, Gopal Doctor Ro.